



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ৪, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রজ্ঞাপন

তারিখ, ২ ডিসেম্বর, ২০০২/১৮ অগ্রহায়ণ, ১৪০৯

এসআরও নং ৩৩৯-আইন/২০০২/প্রজ্ঞাই-৩/ইউপি-৮৩/৯২—যেহেতু Local Government (Union Parishads) Ordinance, 1983 (Ordinance No. LI of 1983) অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত এর section 23(3) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ২০০৩ সালের ৩১শে মার্চ কিংবা তৎপূর্বে যে সকল ইউনিয়ন পরিষদের মেয়াদ উত্তীর্ণ হইবে সেই সকল ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ২০০৩ সালের ১ মার্চ হইতে ৩০ এপ্রিলের মধ্যে পর্যায়ক্রমে অনুষ্ঠানের জন্য মেয়াদ নির্ধারণ করিয়া একটি প্রজ্ঞাপন জারী করিয়াছিল; এবং

যেহেতু পরিবর্তিত পরিস্থিতিতে নির্বাচন কমিশন ২০০৩ সালের ২৮ ফেব্রুয়ারী বা তৎপূর্বে যে সকল ইউনিয়ন পরিষদের মেয়াদ উত্তীর্ণ হইবে সেই সকল ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ২০০৩ সালের ২৫ জানুয়ারী হইতে ১৬ মার্চ সময়ের মধ্যে অনুষ্ঠানের লক্ষ্যে মেয়াদ পুনঃনির্ধারণের জন্য অনুরোধ করিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর section 23 এর sub-section (3) তে প্রদত্ত ক্ষমতাবলে, General Clauses Act, 1897 (Act X of 1897) এর section 14 এর সহিত পঠিতব্য, সরকার, স্থানীয় সরকার বিভাগের ২৩ নভেম্বর, ২০০২ মোতাবেক ৯ অগ্রহায়ণ, ১৪০৯ তারিখের প্রজ্ঞাপন এসআরও নং ৩৩২-আইন/২০০২/প্রজ্ঞাই-৩/ইউপি-৮৩/৯২ এতদ্বারা বাতিলক্রমে, যে সকল ইউনিয়ন পরিষদের মেয়াদ ২০০৩ সালের ২৮ ফেব্রুয়ারী কিংবা তৎপূর্বে উত্তীর্ণ হইবে সেই সকল ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ২০০৩ সালের ২৫ জানুয়ারী হইতে ১৬ মার্চ মেয়াদের মধ্যে যথাসম্ভব পর্যায়ক্রমে অনুষ্ঠানের জন্য নির্ধারণ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এম আতোয়ার রহমান
উপ-সচিব (আইন)।

আবদুল মালেক উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪৯৪৯)

মূল্য : টাকা ১.০০